BN



# আঙ্গুলের ছাপ ও ইউরোডাক

একটি সদস্য স্টেটে তৃতীয় দেশের নাগরিক বা অবৈধভাবে বসবাসকারী স্টেট বহির্ভূত ব্যক্তিদের জন্য প্রবিধান (EU) নম্বর 603/2013 এর 29 এর 3 নং ধারা অনুসারে তথ্য

আপনি যদি বর্তমানে ডাবলিন স্টেট[1] এ অবৈধভাবে বসবাস করেন তাহলে কর্তৃপক্ষ আপনার আঙ্গুলের ছাপ নিতে পারে এবং সেগুলো 'ইউরোডাক' আঙ্গুলের ছাপ ডাটাবেজে পাঠাতে পারে। এটির একমাত্র উদ্দেশ্য হলো আপনি ইতোমধ্যে আশ্রয়ের জন্য আবেদন করেছেন কি না তা নির্ধারণ করা। আপনার আঙ্গুলের ছাপের তথ্য ইউরোডাক ডাটাবেজে সংরক্ষণ করা হবে না তবে আপনি যদি ইতোমধ্যে আশ্রয়ের জন্য অন্য একটি দেশে আবেদন করে থাকেন তাহলে আপনাকে সেই দেশে পাঠানো হতে পারে।

আপনি ইচ্ছাকৃতভাবে আপনার আঙ্গুলে ক্ষত সৃষ্টি করার কারণে অন্যান্য জিনিসগুলোর মধ্যে যদি আপনার আঙ্গুলের ছাপ অস্পষ্ট হয় তাহলে আপনার আঙ্গুলের ছাপ পরবর্তীতে আবার গ্রহণ করা হবে।

ইউরোডাক eu-LISA নামে পরিচিত ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি দ্বারা পরিচালিত। আপনার তথ্য শুধুমাত্র আইন অনুযায়ী নির্ধারিত উদ্দেশ্যেই ব্যবহার করা হতে পারে। শুধুমাত্র ইউরোডাক সেন্ট্রাল সিস্টেম আপনার তথ্য প্রাপ্তির সুযোগ পাবে। আপনি যদি ভবিষ্যতে অন্য ডাবলিন স্টেটে আশ্রয়ের জন্য আবেদন দাখিল করেন, তাহলে আপনার আঙ্গুলের ছাপসমূহও ইউরোডাকে ফরোয়ার্ড করার জন্য নেওয়া হবে। ডাবলিন স্টেটের সাথে সম্পর্কিত নয় এমন অন্যান্য স্টেট বা সংগঠনের নিকট ইউরোডাকে সংরক্ষিত তথ্য হস্তান্তর করা হবে না।

---

1) **ডাবলিন প্রবিধানের বিষয়ে সমস্ত ইউরোপীয় ইউনিয়ন (অস্ট্রিয়া, বেলজিয়াম, বুলগেরিয়া, ক্রোয়েশিয়া, সাইপ্রাস, চেক প্রজাতন্ত্র, ডেনমার্ক, এস্তোনিয়া, ফিনল্যান্ড, ফ্রান্স, জার্মানি, গ্রীস, হাঙ্গেরি, আয়ারল্যান্ড, ইতালি, লাতভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবুর্গ, মাল্টা, নেদারল্যান্ডস, পোল্যান্ড, পর্তুগাল, রোমানিয়া, স্লোভাকিয়া, স্লোভেনিয়া , স্পেন, সুইডেন, যুক্তরাজ্য) এবং এর পাশাপাশি 4টি দেশের ডাবলিন প্রবিধানের সম্পর্কিত "সংযুক্ত সহযোগী" (নরওয়ে, আইসল্যান্ড, সুইজারল্যান্ড এবং লিচেনস্টেইন )।**

**©ইউরোপীয় ইউনিয়ন 2014**
**কপি অনুমোদিত। স্বতন্ত্র ফটোগুলির ব্যবহার বা অনুলিপি করার অনুমতি সরাসরি কপিরাইটের স্বত্বাধিকারির কাছ থেকে গ্রহণ করতে হবে।**



## যোগাযোগের বিস্তারিত

**শরণার্থী কর্তৃপক্ষের ঠিকানা ও বিবরণ**
Bundesamt für Migration und Flüchtlinge (BAMF)
Frankenstraße 210
90461 Nürnberg
টেলিফোন: +49 (0)911 943 0
ফ্যাক্স: +49 (0)911 943 10000
ইমেইল: service@bamf.bund.de

**ইউরোডাক পরীক্ষকের ঠিকানা ও বিবরণ**
Bundeskriminalamt (BKA)
65173 Wiesbaden
টেলিফোন: +49 (0)611 55 0
ফ্যাক্স: +49 (0)611 55 12141
www.bka.de

**যদি আমাদের কর্তৃপক্ষ সন্দেহ করে যে, আপনি আশ্রয়ের জন্য অন্য একটি স্টেটে আবেদন করতে পারেন এবং সেই স্টেটটি আপনার আবেদন পরীক্ষা করার জন্য বিবেচনা করতে পারে তাহলে তারা আপনাকে পরবর্তী প্রক্রিয়া এবং কীভাবে এটি আপনাকে ও আপনার অধিকারসমূহকে প্রভাবিত করবে সে সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করবে।**

